

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 26-10-2025

Time: 07:55-08:05 PM Hrs

BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানে বলেছেন, অপারেশন সিলুর প্রত্যেক ভারতবাসীকে গর্বিত করেছে।
- (২) জি এস টি বচত উৎসবে ভালো সাড়া পাওয়া গেছে, যার ফলস্বরূপ উৎসবের মরশুমে দেশীয় পণ্যের বেচাকেনা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে- বলেছেন প্রধানমন্ত্রী।
- (৩) প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে প্রধানমন্ত্রীর পরামর্শ একটি ব্যতিক্রমী দৃষ্টান্ত বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী অধাপক ডক্টর মানিক সাহা।
- (৪) আগরতলা থেকে আজ দু'টি নতুন বিমান পরিষেবা চালু হয়েছে।

MAN KI BAAT :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের ১২৭ তম পর্বে দেশবাসীর সঙ্গে মতবিনিময় করেন। প্রথমেই তিনি ছট পূজা উপলক্ষে দেশবাসীকে বিশেষ করে বিহার, ঝাড়খন্ড ও পূর্বাঞ্চলের জনগণকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, ছট মহাপর্ব প্রকৃতি, সংস্কৃতি ও সমাজের গভীর ঝিক্যের

প্রতিফলন। প্রধানমন্ত্রী বলেন, 'অপারেশন সিলুর' প্রত্যেক ভারতবাসীকে গর্বিত করেছে। এক সময় মাওবাদী সন্ত্বাসে আত্মান্ত এলাকাগুলিতেও এবার আনন্দের প্রদীপ জ্বালানো হয়েছে।

BYTE-PM 1

জি এস টি বচত উৎসবেও ভালো সাড়া পাওয়া গেছে, যার ফলস্বরূপ উৎসবের মরশুমে দেশীয় পণ্যের বেচাকেনা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। ভোজ্য তেলের ব্যবহার কমানোর পরামর্শেও ইতিবাচক সাড়া পাওয়া গেছে বলে তিনি জানিয়েছেন।

প্রধানমন্ত্রী বিভিন্ন শহরের পরিচ্ছন্নতা প্রচেষ্টার কিছু অনুপ্রেরণামূলক দৃষ্টান্ত তুলে ধরেন। তিনি ছত্তিসগড়-এর অম্বিকাপুরে প্লাস্টিক বর্জ্য পরিষ্কারের জন্য শুরু হওয়া একটি অন্য উদ্যোগের কথ উল্লেখ করেন, যেখানে গার্বেজ ক্যাফে চালু হয়েছে।

শ্রী মোদী বলেন, আগামী ৩১শে অক্টোবর সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মবার্ষিকী আমাদের দেশের জন্য একটি বিশেষ দিন। তিনি সর্দার প্যাটেলকে আধুনিক সময়ের অন্তর্ম শ্রেষ্ঠ জোতিষ্ঠ বলে উল্লেখ করেন।

BYTE-PM 2

আগামী ৭ই নভেম্বর জাতীয় স্তোত্র বন্দেমাতরম -এর দেড়শ' বছরে পদার্পণে এই স্তোত্রকে গোরবান্বিত করার চেষ্টা করতে তিনি সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। আগামী ১৫ই নভেম্বর ভগবান বিরসা মুন্ডার জন্মদিনে জনজাতীয় গোরব দিবসের কর্মসূচি নিয়েও প্রধানমন্ত্রী তাঁর ভাষণে উল্লেখ করেন।

CM-Takarjala-Maan Ki Baat :

মুখ্যমন্ত্রী অধাপক ডক্টর মানিক সাহা আজ সিপাহীজলা জেলার টাকারজলা বিধানসভা কেন্দ্রের ৩০ নং বুথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত অনুষ্ঠান শোনেন। পরে তিনি আকাশবাণী সিপাহীজলা প্রতিনিধিকে বলেন, প্রধানমন্ত্রী তার মন কি বাত অনুষ্ঠানের প্রতিটি পর্বে বিভিন্ন প্রান্তের বিভিন্ন বিষয়গুলিকে দেশবাসীর সামনে তুলে ধরেন। আজও তার ব্যতিক্রম হয়নি।

সাউন্ড বাইট – মুখ্যমন্ত্রী

Flight operation :

আগরতলা এম বি বি বিমানবন্দর থেকে আজ দু'টি নতুন বিমান পরিসেবা চালু হয়েছে। ইন্ডিগো বিমান সংস্থার একটি বিমান প্রতিদিন সকাল ৬ টা ১৫ মিনিটে আমেদাবাদ থেকে ছেড়ে কলকাতা হয়ে আগরতলায় আসবো ৬৫ বিমানটি সকাল ১০ টা ৫০ মিনিটে আগরতলা থেকে আমেদাবাদের উদ্দেশ্যে রওনা হবে।

এদিকে, আজ থেকে এয়ার ইণ্ডিয়া এক্সপ্রেস আগরতলা-বাগড়োগরার মধ্যে সরাসরি বিমান পরিসেবা শুরু করেছে।

Run For Unity :

রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন জেলায় একতার জন্য দোড়ের আয়োজন করেছে পুলিশ। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, টিএসআর ব্যাটেলিয়নগুলিতে ছাত্রছাত্রী, সাধারণ নাগরিকরাও দোড়ে অংশ নিয়েছেন।

এই উপলক্ষে আজ টিএসআর নবম বাহিনীর উদ্যোগে জোলাইবাড়ির ঠাকুরছড়া বাজার থেকে সাঁচীরামবাড়ি টিএসআর নবম বাহিনীর সদর দপ্তর পর্যন্ত একতার জন্য দোড় অনুষ্ঠিত হয়।

Sarad Sanman GOMATI DIST. :

ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন গোমতি জেলা এবং উদয়পুর মহকুমা কমিটির যৌথ উদ্যোগে এক অনুষ্ঠানে জেলার ৩৭ টি পূজা আয়োজকদের "সাংবাদিক শারদ গৌরব সম্মাননা প্রদান করা হয়।

রাজর্ষি কলাক্ষেত্রে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায় সহ অন্যান্যরা।

Blood donation :

আগরতলা ইন্ড্রনগর জুয়েল এন্টারপ্রাইজের ৩৯ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী এই

শিবিরের উদ্বোধন করেন। অনুষ্ঠানে অ্যান্টদের মধ্যে উপস্থিত ছিলেন, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, সমাজসেবী পাপিয়া দত্ত প্রমুখ। শিবিরে ২৭ জন রাঙ্গান করেন।

Pravin Mela :

গভর্নমেন্ট পেনশনার্স' এসোসিয়েশন, ত্রিপুরা'র কৈলাশহর শাখার উদ্যোগে ৩৫ তম বিশ্ব প্রবীণ দিবস উপলক্ষ্যে আজ স্থানীয় উনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয় প্রবীণ মেলা। এই অনুষ্ঠানে সংগঠনের চারজন অশীতিপুর সদস্য'কে সংবর্ধনা জানানো হয়। পরিবেশিত হয় সংগীত ও আবৃত্তিও।

PM-MALAYSIA :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, একবিংশ শতাব্দী হলো ভারত ও আসিয়ানের শতাব্দী। আজ মালয়েশিয়ায় অনুষ্ঠিত আসিয়ান-ভারত সম্মেলনে ভার্চুয়্যাল ভাষণে প্রধানমন্ত্রী বলেন, ভারত ও আসিয়ান একত্রে বিশ্বের প্রায় এক-চতুর্থাংশ জন গোষ্ঠির প্রতিনিধিত্ব করে। অনিশ্চয়তার এই যুগে ভারত-আসিয়ান সমন্বিত কৌশলগত অংশিদারিত্ব মজবুত অগ্রগতি অর্জন করেছে বলে তিনি মন্তব্য করেন। শ্রী মোদী আরো উল্লেখ করেন যে, ভারত প্রতিটি সংকটে তার আসিয়ান বন্ধুদের পাশে দৃঢ়ভাবে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রী ঘোষণা করেন ২০২৬ সালকে আসিয়ান-ভারত সামুদ্রিক সহযোগিতার বছর হিসেবে উদ্যাপন করা হবে।

PRESIDENT :

রাষ্ট্রপতি ড্রোপদি মুর্মু বলেছেন, বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলি একটি সুস্থ ও উন্নত ভারত গড়তে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। আজ গাজিয়াবাদের ইন্দিরা পুরমে যশোদা মেডিসিটির উদ্বোধন করে রাষ্ট্রপতি বলেন, সারাদেশে স্বাস্থ্য ও চিকিৎসা পরিকাঠামো সম্প্রসারিত করা হচ্ছে। সরকারের পাশাপাশি বেসরকারি অংশীদারদেরও এই প্রচেষ্টায় এগিয়ে আসতে হবে। সামাজিক দায়বদ্ধতার পাশাপাশি চিকিৎসার দায়বদ্ধতাকেও অগ্রাধিকার দেওয়ার জন্য তিনি আহ্বান জানান।

C.K. NAIDU :

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনুর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরা ও পণ্ডিচেরীর মধ্যে চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। আগরতলার নরসিংগড়ের পিটিএ মাঠে টসে জিতে ব্যাট করতে নেমে সফরকারী পণ্ডিচেরী প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৯ উইকেট হারিয়ে ২৭০ রান করে। দলের পক্ষে যশবন্ত শ্রীরাম অনবদ্য ১২৮ রান করে।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হাঙ্কা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ডিগ্রি সেলসিয়াস

এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.২ ডিগ্রি সেলসিয়াস।
